# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৯৬

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّالِثُ

---

### আরবী

عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ رَجُلٍ مِنْ بَنِي حَارِثَةَ أَنَّهُ كَانَ يَرْعَى لِقْحَةً بِشِعْبٍ مِنْ شِعَابِ أُحُدٍ فَرَأَى بِهَا الْمَوْتَ فَلَمْ يَجِدْ مَا يَنْحَرُهَا بِهِ فَأَخَذَ وَتِدًا فَوَجَأَ بِهِ فِي لَبَّتِهَا حَتَّى أَهْرَاقَ دَمَهَا ثُمَّ أَخْبَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَهُ بِأَكْلِهَا. رَوَاهُ أَبُو دَاوُدَ وَمَالِكٌ وَفِي رِوَايَته: قَالَ: فذكاها بشظاظ

### বাংলা

৪০৯৬-[৩৩] ’আত্বা ইবনু ইয়াসার (রহঃ) বানী হারিসাহ্ গোত্রীয় জনৈক ব্যক্তি হতে বর্ণনা করেন, সে উহুদ পাহাড়ের পাদদেশে কোন এক সমভূমিতে তার প্রসবাসন্ন উষ্ট্রী চরাচ্ছিল, হঠাৎ সে দেখতে পেল উষ্ট্রীটি প্রায় মরণাপন্ন অবস্থায় পৌঁছেছে। কিন্তু তাকে যাবাহ করার জন্য কিছুই না পেয়ে সে একটি পেরেক নিলো এবং তা দ্বারা তার কণ্ঠনালী ফুটো করে দিলো। ফলে তার রক্ত প্রবাহিত হয়ে গেল। অতঃপর ঘটনাটি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অবহিত করলে তিনি তাকে তা খাবার আদেশ দিলেন। (আবূ দাঊদ ও মালিক)[1]

অবশ্য মালিক-এর অপর এক রিওয়ায়াতে আছে, বর্ণনাকারী বলেনঃ সে উষ্ট্রীকে একখানা ধারালো কাঠ দ্বারা যাবাহ করল।

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৮২৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯৪২৯, মুওয়াত্ত্বা মালিক ১৭৮৪, সুনান নাসায়ী ৪৪০২, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইবনু ওয়াহ্ব (রহিমাহুল্লাহ) মালিক (রহিমাহুল্লাহ) হতে বর্ণনা করেছেন; প্রত্যেক ঐ বস্তু যা চিনামাটির তৈরি

অথবা হাড় কিংবা শিং জাতীয় বস্তুসহ যেগুলো দ্বারা রক্ত প্রবাহিত করা যায় সেগুলো বস্তু দ্বারা যাবাহ করা জায়িয। ইবনু হাবীর (রহিমাহুল্লাহ) বলেনঃ হাড়ের টুকরা ধারালো হোক বা না হোক যদি তা দ্বারা গোশত কর্তন ও রক্ত প্রবাহিত হয়। এ বস্তু দ্বারা যাবাহ বিশুদ্ধ। কাযী আবুল হাসান তাঁর কিতাবে উল্লেখ করেছেন, দাঁত কিংবা নখ দ্বারা যাবাহ বিশুদ্ধ নয়। তবে আমাদের কিছু ‘উলামা মাশায়খবৃন্দ বলেছেন, নখ কিংবা দাঁত দ্বারা যাবাহ করা মাকরূহ তবে হাড় দ্বারা বৈধ। (আল মুনতাকা ৪র্থ খন্ড, হাঃ ৯৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আতা ইবনু ইয়াসার (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74819

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন